রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ২৫, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**উন্নয়ন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১১ই চৈত্র, ১৩৯৫/২৫শে মার্চ, ১৯৮৯**

নং এস, আর, ও ৯০-আইন/৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। সংক্ষিপ্ত শিরোনামঃ এই বিধিমালা পার্সোন্যাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম এবং ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং (উন্নয়ন বাজেটভুক্ত কর্মচারী) নিয়োগবিধি, ১৯৮৮/১৩৯৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহঃ** বিষয় প্রসংগে পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,

(ক) "উইং" বলিতে পার্সোন্যাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম এবং ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং বুঝাইবে ;

(খ) "কমিটি" বলিতে পার্সোন্যাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম এবং ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং-এর পদোন্নতি ও বাছাই কমিটি বুঝাইবে;

(গ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে ;



মূল্যঃ ৯০ পয়সা

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

(ঙ) "মন্ত্রণালয়" বলিতে সংস্থাপন মন্ত্রণালয়কে বুঝাইবে ;

(চ) "নির্দিষ্ট পদ" বলিতে তফসিলে উল্লিখিত পদ বুঝাইবে;

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত কোন নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে ;

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক এতদউদ্দেশ্যে স্বীকৃত বলিয়া অন্য যে কোন শিক্ষা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক এতদউদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতিঃ**

(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন নির্দিষ্ট পদে নিম্ন-বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবেঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে, অথবা

(খ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স তফসিলে বর্ণিত উক্ত পদের বয়স সীমার মধ্যে না হয়; তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে এড-হক/অস্থায়ী ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগঃ**

(১) কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন। তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না, এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য অথবা তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) তাহার পূর্ব কার্যকলাপ (Antecedents) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত করা হইয়া থাকে এবং উহা এইরূপ বলিয়া প্রতিপন্ন হয় যে উক্ত কার্যকলাপের দরুণ তিনি সরকারী চাকুরীতে নিয়োগের জন্য উপযুক্ত।

(৩) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য উইং কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত না করেন, এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকা সত্ত্বেও স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম ইউসুফ আলী
উপ-সচিব।

## তফসিল

| ক্রমিক নং। | নির্দিষ্টকৃত পদের নাম। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়ঃ সীমা। | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | যুগ্ম-সচিব | | প্রেষণে বদলীর মাধ্যমে। | সিনিয়র সার্ভিস পুলের যুগ্ম-সচিব পদমর্যদার যে কোন সদস্য। |
| ২ | উপ-সচিব | | ঐ | সরকারের যে কোন উপ-সচিব পদমর্যাদার সদস্য। |
| ৩ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব। | | ঐ | টাকা ২৮০০—৪৪২৫ অথবা ১৬৫০—৩০২০ স্কেলের বি সি এস (সচিবালয়) অথবা বি সি এস-এর অন্য কোন ক্যাডারভুক্ত যে কোন কর্মকর্তা। |
| ৪ | এসাইনমেন্ট অফিসার | | ঐ | টাকা ১৬৫০—৩০২০ স্কেলের যে কোন ক্যাডারভুক্ত কর্মকর্তা। |
| ৫ | সিনিয়র রিসার্চ অফিসার | অনূর্ধ ৩৭ বৎসর। | প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে। | প্রেষণে বদলীর জন্যঃ টাকা ২৮০০—৪৪২৫ বেতন স্কেলের বি সি এস (অর্থনীতি) ক্যাডারভুক্ত যে কোন কর্মকর্তা।<br><br>সরাসরি নিয়োগের জন্যঃ<br><br>(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গণিত/ফলিত গণিত/অর্থনীতি/গাণিতিক অর্থনীতি/কৃষি অর্থনীতি/ |

উন্নয়ন অর্থনীতি/শিল্প সম্বন্ধীয় অর্থনীতি/আন্তর্জাতিক অর্থনীতি/পরিবহন অর্থনীতি/পরিসংখ্যান/পাব্লিক ফিনান্স/ব্যাংকিং/ব্যবসায় প্রশাসন/প্রাণীবিদ্যা/ভূগোল/সমাজ বিজ্ঞান/রাষ্ট্রবিজ্ঞান/লোক প্রশাসন/ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ব্যবস্থাপনা/ফিনান্স/হিসাববিজ্ঞান/বিপণন/নৃতত্ব/প্রত্নতত্ব/পদার্থবিদ্যা/ফলিত পদার্থ/রসায়ন/ফলিত রসায়ন/উদ্ভিদবিদ্যা/ভূতত্ব/মৃত্তিকা বিজ্ঞান/শিক্ষা/সমাজ কল্যাণ/সমাজকর্ম-তে ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।

অথবা

চিকিৎসা বিজ্ঞান/কৃষি/পশুপালন/মৎস্য বিজ্ঞান/বন বিজ্ঞান/পুর প্রকৌশল/পানি সম্পদ প্রকৌশল/যন্ত্র প্রকৌশল/কৃষি প্রকৌশল/ইলেকট্রনিক প্রকৌশল/রসায়ন প্রকৌশল/শিল্প প্রকৌশল/বিদ্যুত প্রকৌশল/ধাতব প্রকৌশল/খনিজ সম্পকীয় প্রকৌশল/খনি প্রকৌশল/শহর পরিকল্পনা/স্থাপত্য প্রকৌশল/ফিজিক্যাল প্ল্যানিং/রিজিওনাল প্ল্যানিং-এ স্নাতক ডিগ্রী।

(খ) রিসার্চ অফিসার হিসাবে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।

| | | | |
|---|---|---|---|
| ৬ রিসার্চ অফিসার | অনুর্ধ ৩২ বৎসর | প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে। | প্রেষণে বদলির জন্যঃ বি সি এস ক্যাডারভুক্ত যে কোন কর্মকর্তা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের জন্য ঃ<br><br>(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গণিত/ফলিত গণিত/অর্থনীতি/গাণিতিক অর্থনীতি/কৃষি অর্থনীতি/উন্নয়ন অর্থনীতি/শিল্প সংক্রান্ত অর্থনীতি/আন্তর্জাতিক অর্থনীতি/পরিবহন অর্থনীতি/পরিসংখ্যান/পাবলিক ফিনান্স/ব্যাংকিং/ব্যবসায় প্রশাসন/প্রাণীবিদ্যা/ভূগোল/সমাজ বিজ্ঞান/রাষ্ট্র বিজ্ঞান/লোক প্রশাসন/ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ব্যবস্থাপনা/ফিনান্স/হিসাব বিজ্ঞান/বিপণন/নৃতত্ত্ব/প্রত্নতত্ত্ব/পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ/রসায়ন/ফলিত রসায়ন/উদ্ভিদবিদ্যা/ভূতত্ত্ব/মৃত্তিকা বিজ্ঞান/শিক্ষা/সমাজ কল্যাণ/সমাজকর্ম-তে ১ম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী।<br><br>অথবা<br><br>চিকিৎসা বিজ্ঞান/কৃষি/পশুপালন/মৎস্য বিজ্ঞান/বন বিজ্ঞান পুর প্রকৌশল/যন্ত্র প্রকৌশল/পানি সম্পদ প্রকৌশল/কৃষি প্রকৌশল/বিদ্যুত প্রকৌশল/খনি প্রকৌশল/শহর পরিকল্পনা/স্থাপত্য প্রকৌশল/ধাতব প্রকৌশল/খনিজ সম্পর্কীয় প্রকৌশল/ফিজিক্যাল প্লানিং/রিজিওনাল প্লানিং-এ স্নাতক ডিগ্রী।<br><br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি অথবা ইনভেস্টিগেটর হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | |
|---|---|---|---|
| ৭ সিস্টেমস ম্যানেজার | অনূর্ধ ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং/বিজনেস এডমিনিষ্ট্রেশন/অর্থনীতি/অংক/পরিসংখ্যান-এ মাষ্টার্স ডিগ্রী অথবা ফলিত পদার্থবিদ্যা/পদার্থ বিদ্যা/অংক/পরিসংখ্যান/বাণিজ্য কিংবা সংশ্লিষ্ট বিষয়ে এম ফিল ডিগ্রী। কম্পিউটার স্থাপনায় অন্ততঃ তিন বৎসরের অভিজ্ঞতাসহ কম্পিউটার লাইনে অন্ততঃ ১০ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সিস্টেম এনালিস্টের ব্যাকগ্রাউণ্ড আবশ্যকীয়।<br>(গ) কোন স্বীকৃতিপ্রাপ্ত কম্পিউটার প্রফেশনাল সোসাইটির মেম্বারশীপ/ফেলোশিপ। |
| (ক) সিনিয়র সিস্টেমস এনালিস্ট। | অনূর্ধ ৪৫ বৎসর | ঐ | (ক) কম্পিউটার সাইন্স/পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ/অংক/পরিসংখ্যান/অর্থনীতি/বাণিজ্য/সমাজবিজ্ঞান/বিজনেস এডমিনিষ্ট্রেশনে মাষ্টার্স ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ বি এসসি।<br>(খ) কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রফেশনাল কম্পিউটার সোসাইটির এসোসিয়েট মেম্বারশিপ/মেম্বারশিপ।<br>(গ) সিস্টেম এনালিস্ট হিসাবে ন্যূনপক্ষে পাঁচ বৎসরের (কম্পিউটার সাইন্স অথবা ইঞ্জিনিয়ারিং-এ মাষ্টার ডিগ্রীর বেলায় ৩ বৎসরের) অভিজ্ঞতা। |
| ৮ সিস্টেমস এনালিস্ট | ২৯—৪০ বৎসরের মধ্যে। | ঐ | (ক) কম্পিউটার সাইন্স/পদার্থবিদ্যা/ফলিত পদার্থ/অংক/পরিসংখ্যান/অর্থনীতি/বাণিজ্য/সমাজ বিজ্ঞান/বিজনেস ড-এমিনিষ্ট্রেশনে মাষ্টার্স ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রফেশনাল কম্পিউটার সোসাইটির এসোসিয়েট মেম্বারশিপ/মেম্বারশিপ। |
| | | | | (গ) প্রোগ্রামার অথবা সহকারী সিস্টেমস এনালিস্ট হিসাবে নূন্যপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা (কম্পিউটার সাইন্স অথবা ইঞ্জিনিয়ারিং-এ মাষ্টার ডিগ্রীর বেলায় ৩ বৎসর) বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য। |
| | | | | (ঘ) সিস্টেমস এনালিস্ট হিসাবে প্রমাণিত দক্ষতা। |
| ৯ | প্রোগ্রামার | ২৭—৩৫ বৎসরের মধ্যে। | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | (ক) কম্পিউটার সাইন্স/পদার্থ বিদ্যা/ফলিত পদার্থ/অংক/পরিসংখ্যান/বাণিজ্য/অর্থনীতি/সমাজ বিজ্ঞান/বিজনেস এডমিনিস্ট্রেশন-এ মাষ্টার্স ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ বি এস সি। |
| | | | | (খ) কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রফেশনাল কম্পিউটার সোসাইটির এসোসিয়েট মেম্বারশিপ/মেম্বারশিপ। |
| | | | | (গ) এসিসট্যান্ট প্রোগ্রামার হিসাবে ৪ বৎসরের অভিজ্ঞতা (কম্পিউটার সাইন্স অথবা ইঞ্জিনিয়ারিং মাষ্টার ডিগ্রীর বেলায় ২ বৎসরের অভিজ্ঞতা)। |
| ১০ | এসিসট্যান্ট প্রোগ্রামার | ২১—২৭ বৎসরের মধ্যে। | ঐ | (ক) পদার্থবিদ্যা/ফলিত পদার্থবিদ্যা/অংক/পরিসংখ্যান/বাণিজ্য/অর্থনীতি/বিজনেস এডমিনিস্ট্রেশন-এ মাষ্টার্স ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ বি এসসি। |

| | | | |
|---|---|---|---|
| | | | (খ) প্রোগ্রামিং-এর জন্য প্রমিত প্রবণতা পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে। |
| | | | (গ) কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রফেশনাল কম্পিউটার সোসাইটির এসোসিয়েট মেম্বার অথবা মেম্বার। |
| ১১ সিনিয়র কম্পিউটার অপারেটর/অপারেশন অফিসার। | সর্বোচ্চ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলির মাধ্যমে। | (ক) কম্পিউটার অপারেটর হিসাবে ৪ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী(বিজ্ঞান অগ্রাধিকারযোগ্য)। |
| | | | (খ) প্র্যাকটিক্যাল পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে। |
| ১২ ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার (কম্পিউটার সুপার ভাইজারী কনসোল অপারেটর)। | ২২—৩৫ বৎসরের মধ্যে। | ঐ | (ক) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ৭ বৎসরের অভিজ্ঞতাসহ এইচ, এস, সি। |
| | | | (খ) অবশ্যই প্র্যাকটিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ১৩ সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর। | ২০—২৮ বৎসরের মধ্যে। | ঐ | (ক) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতাসহ এইচ, এস, সি। |
| | | | (খ) ঘন্টায় অন্ততঃ ১০,০০০ কী-ডিপ্রেশন এর প্র্যাকটিক্যাল পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে। |
| ১৪ অপারেটর/কম্পিউটার অপারেটর। | ১৮—২৭ বৎসরের মধ্যে। | ঐ | (ক) স্নাতক (বিজ্ঞানে অগ্রাধিকারযোগ্য) দুই বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) অপারেটরের প্রবণতা পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে। |
| ১৫ | ইনভেস্টিগেটর | অনূর্ধ ২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | অন্ততঃ যে কোন ২টি দ্বিতীয় বিভাগসহ স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬ | শাখা সহকারী | মন্ত্রণালয় এবং বিভাগের (উচ্চমান সহকারী এবং শাখা সহকারী) নিয়োগ বিধি, ১৯৮৪তে বর্ণিত যোগ্যতা অনুসারে। | | |
| ১৭ | সাঁট লিপিকার | সাঁট লিপিকার ও সাঁট মুদ্রাক্ষরিক (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৭৮-এ বর্ণিত যোগ্যতা অনুসারে।<br>(The Stenographers and Stenotypists Ministries Division and Attached Deparm nts) Recruitments Rules 1978 | | |
| ১৮ | সাঁট মুদ্রাক্ষরিক | | | |
| ১৯ | মুদ্রাক্ষরিক | মুদ্রাক্ষরিক (মন্ত্রণালয়, বিভাগ এবং সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৭৮-এ বর্ণিত যোগ্যতা অনুসারে Typists (Ministries, Divisions and att ched Depatments) Recruitment Rules, 1978. | | |
| ২০ | উচ্চমান সহকারী-কাম-টাইপিস্ট | মন্ত্রণালয় এবং বিভাগের (উচ্চমান সহকারী এবং শাখা সহকারী) নিয়োগ বিধি, ১৯৮৪-তে বর্ণিত বয়স, যোগ্যতা ইত্যাদি এবং মুদ্রাক্ষরিক (মন্ত্রণালয়, বিভাগ এবং সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৭৮-এ বর্ণিত টাইপিং সংক্রান্ত যোগ্যতা অনুসারে। | | |

| | |
|---|---|
| ২১ এস.এল.এস.এস | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এস এল এস এস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫-তে বর্ণিত যোগ্যতা অনুসারে। |

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।